# আজ জুলাই সনদে স্বাক্ষর, বয়কটের ডাক জুলাই যোদ্ধাদের




সংগৃহীত ছবি

শুক্রবার (১৭ অক্টোবর) বিকালে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হতে যাচ্ছে বহুল আলোচিত জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান। এতে উপস্থিত থাকবেন দেশের শীর্ষ রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিশিষ্টজনরা। তবে সনদে যথাযথ মূল্যায়নের অভাবের অভিযোগ তুলে বয়কটের ডাক দিয়েছে জুলাই যোদ্ধারা।

আজ শুক্রবার (১৭ অক্টোবর) বিকালে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে বহু প্রতীক্ষিত জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান। এতে উপস্থিত থাকবেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস, অন্তর্বর্তী সরকারের উপদেষ্টারা, এবং বিএনপি-জামায়াতসহ দেশের প্রায় সব রাজনৈতিক দলের শীর্ষ নেতা। অনুষ্ঠানে বিশিষ্ট নাগরিক ও বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরাও যোগ দেবেন।

অনুষ্ঠান ঘিরে নেওয়া হয়েছে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা। সংসদ এলাকায় অনুষ্ঠান চলাকালে সব ধরনের ড্রোন ওড়ানো নিষিদ্ধ ঘোষণা করেছে সরকার, যাতে নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় থাকে।

অন্যদিকে, স্বাক্ষর অনুষ্ঠান বয়কটের ঘোষণা দিয়েছে জুলাই যোদ্ধারা। তারা সংসদ ভবনের প্রবেশমুখে অবস্থান নিয়ে বিক্ষোভ করছে। তাদের অভিযোগ, জুলাই সনদে জুলাই যোদ্ধাদের যথাযথ মূল্যায়ন করা হয়নি। এ সময় তারা সনদটি দ্রুত সংশোধন করে সংবিধানে অন্তর্ভুক্ত করার দাবি জানান।

চূড়ান্ত সনদ স্বাক্ষরকে কেন্দ্র করে সারা দেশে এখন রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা ও প্রত্যাশা— উভয়ই তুঙ্গে।

LENS ASIA